



আকৃতি ও জীবনবৃত্তান্ত

পূর্ণবয়স্ক পামরি পোকায় গায়ের রঙ চকচকে কালো এবং পিঠের ওপর অসংখ্য কাটা আছে। সারা দেহ ছোট ছোট কাঁটায় আবৃত।



পূর্ণবয়স্ক পামরি পোকা

স্ত্রী পোকা পাতার পিঠে একটা করে ডিম পাড়ে। এ থেকে তিন দিনে ডিম থেকে কিড়া বের হয়। কিড়াগুলো পাতার দুই পর্দার ভেতর সুড়ঙ্গ করে খায় এবং এখানেই ৯-১৩ দিনের মধ্যে পুত্তলিতে পরিণত হয়। তিন-চার দিন পর পুত্তলি পূর্ণবয়স্ক পোকায় পরিণত হয়।

ক্ষতি

- ▶ পূর্ণবয়স্ক পোকা এবং কিড়া উভয়ই ধানগাছে আক্রমণ করে।
- ▶ পূর্ণবয়স্ক পোকা ধানের পাতার ওপর সমান্তরাল দাগ করে সবুজ অংশ খেয়ে ফেলে।
- ▶ কিড়া পাতার দুটি স্তরের ভেতরে সুড়ঙ্গ করে খায়।
- ▶ পূর্ণবয়স্ক পোকা অনেক দূর পর্যন্ত উড়তে পারে; ফলে এক এলাকা থেকে অন্য এলাকায় গিয়ে ধানের ক্ষতি করতে পারে।
- ▶ আমন ধান কাটার পর মুড়ি ফসল বা জলাশয়ের উদ্ভিদে পামরি পোকা আশ্রয় নেয় এবং বোরো ফসলে পোকায় প্রাথমিক আক্রমণ শুরু হয়।



পূর্ণবয়স্ক পোকায় আক্রমণ



কিড়ার আক্রমণ

দমন পদ্ধতি

- ▶ প্রতিরোধশীল জাত, যেমন বিআর১৪ (বোরো), বিআর২৫ (আমন)-এর চাষ করা।
- ▶ জাতজালের সাহায্যে পূর্ণবয়স্ক পোকা ধরে মেরে ফেলা।
- ▶ আক্রান্ত পাতার গোড়া থেকে তিন সেন্টিমিটার ওপরে পাতা কেটে নষ্ট করে ফেলা। তবে কাইচ খোড় আসার পর পাতা কাটলে ফলনের ক্ষতি হবে।
- ▶ প্রয়োজনে কীটনাশক ব্যবহার করা। (তবে এ ক্ষেত্রে শতকরা ৩৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্ত হলে অথবা প্রতি গোছা ধানগাছে চারটি পূর্ণবয়স্ক পোকা থাকলেই কীটনাশক প্রয়োগের চিন্তা করা উচিত)।

আরো তথ্যের জন্য :

ড. মাইনুল হক, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান, কীটতত্ত্ব বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর ১৭০১, ই-মেইল : brrihq@bdonline.com

অধিবেশন ২ : মডিউল ৮
ফ্যাকাল্টি শিট ৫